# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২০ মে, ২০১৪ |
| সময় | ঃ | সকাল ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ১৩ এপ্রিল, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ১৩ এপ্রিল, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ এপ্রিল, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০১৪ মাসে গৃহকর বাবদ ১৯,৫৪,৮৬২.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৪,৮১,৬৪৭.০০ টাকা আদায় হয়েছে। এপ্রিল, ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভূত আদায় ৬,৪৮,৭৫,২৩৬/- টাকা যা মোট দাবীর ৮৮.৪৮%। আদায়ের হার সন্তোষজনক। জুন, ২০১৪ মাসের মধ্যে শতভাগ দাবী আদায় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হলো।

আলোচ্যসূচী-৩ঃ এপ্রিল, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, এ মাসে স্থানীয় আয়ের তুলনায় ব্যয় বেশী হয়েছে। অতিরিক্ত ব্যয় নির্বাহের জন্য এফডিআর ভাঙ্গানো হয়েছে। ভবিষ্যতে স্থানীয় আয়ের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে অপ্রয়োজনীয় ব্যয় কমানোর পরামর্শ দেয়া হলো।

আলোচ্যসূচী-৪ঃ ২০১৩-২০১৪ আর্থিক সালের সংশোধিত বাজেট অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৩-২০১৪ আর্থিক সালে প্রকল্পব্যয়সহ সর্বমোট ৫৭,৪৫,১৩,০০০/- (সাতান্ন কোটি পঁয়তাল্লিশ লক্ষ তের হাজার) টাকার সংশোধিত বাজেট ও ডিওএইচএসসমূহ, রজনীগন্ধা টাওয়ার এবং মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স প্রকল্প ব্যয় বাবদ ২৮,২৪,২৫,৫০০/-(আটাশ কোটি চব্বিশ লক্ষ পচিশ হাজার পাঁচশত) টাকার সশোধিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৫ঃ এপ্রিল, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সভায় স্টেশন হেলথ অফিসার কর্তৃক উপস্থাপিত এপ্রিল, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। সেনানিবাসের সার্বিক স্বাস্থ্যগত পরিবেশ সন্তোষজনক। তবে সেনানিবাসের পরিষ্কার-পরিচ্ছন্নতা আরো উন্নত করার লক্ষ্যে স্টেশন হেলথ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী অফিসার যৌথভাবে ঢাকা সেনানিবাস ও এর আওতাধীন এলাকার ডাস্টবিনসমূহ পরিদর্শন করে যত্রতত্র ময়লা ফেলা রোধকল্পে করণীয় জন্য একটি প্রস্তাবনা আগামী বোর্ডসভায় উপস্থান করবেন।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী#৪৩/এ, রোড#৯, ফ্ল্যাট#এন-১ (২য় তলা উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস নাজনীন মোজাম্মেল স্বামী- মোঃ মোজাম্মেল হক বাড়ী#৪৩/এ, রোড#৯, ফ্ল্যাট#এন-১ (২য় তলা উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ব্রিগেঃ জেনাঃ মোঃ জাহিদ হাসান, পিএসসি ন্যাম ভিলেজ এ্যাপার্টমেন্ট, বাড়ী#ন্যাম-বি-৮ (বি টাইপ), ব্লক-কে, রোড#২৩, বনানী, ঢাকা। | নং-২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০২.০৪.ফ্ল্যাট. ৩১৫৯, তাং- ২৩/৪/২০১৪ ইং | ফ্ল্যাটের আয়তন-২০০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী#২৯, ফ্ল্যাট#বি-৩ (৪র্থ তলা উত্তর পার্শ্ব), রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | এয়ার কমডোর সাকেব ইকবাল খান মজলিস বাড়ী#২৯, ফ্ল্যাট#বি-৩ (৪র্থ তলা উত্তর পার্শ্ব), রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-২৭/৪/২০১৪ | আজিজা রহমান স্বামী- এয়ার কমডোর সাকেব ইকবাল খান মজলিস, বাড়ী#২৯, ফ্ল্যাট#বি-৩ (৪র্থ তলা উত্তর পার্শ্ব), রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | স্বামী কর্তৃক রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে স্ত্রী-কে দান | তাং- ২৪/১২/২০১৩ নং- ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং- ২৯/ফ্ল্যাট নং- বি-৩/৫৬ | ফ্ল্যাটের আয়তন-১৯০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটটি রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে স্বামী কর্তৃক স্ত্রীকে দান করায় গ্রহিত্রী আজিজা রহমান, স্বামী- এয়ার কমডোর সাকেব ইকবাল খান মজলিস এর নামে নামজারী/রেকর্ড সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ গত ০৪ মার্চ, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে আগত মালবাহী পিক-আপ ও ট্রাকের পার্কিং স্থান ইজারা প্রদানের জন্য দরপত্র আহ্বান করা হলে গত ৩০/৪/২০১৪ তারিখে মোট ০৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিকদার এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত মাসিক ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের খালি জায়গায় ট্রাক/পিক-আপ পার্কিং করে রাখা হয়। উক্ত পার্কিং স্থান ইজারা প্রদানের নিমিত্তে স্থানীয়ভাবে দরপত্র আহ্বান করা হলে মোট ০৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিকদার এন্টারপ্রাইজ, প্রোঃ-মোঃএনায়েত সিকদার, ৫/এইচ, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত মাসিক ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকার দরটি সর্বোচ্চ হয়। বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী শেডের পূর্বপার্শ্বের স্থানটি শুধুমাত্র পার্কিং করে রাখা ট্রাক/পিক-আপ হতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আরোপিত শর্তে ও নির্ধারিত হারে টোল (পরিশিষ্ট-'খ') আদায়ের নিমিত্তে মাসিক ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকার সর্বোচ্চ দরটি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায়পূর্বক ০৬(ছয়) মাসের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জামানত (ফেরতযোগ্য) জমা সাপেক্ষে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে কোন অবস্থাতেই মার্কেটে আগত মালবাহী ট্রাক/পিক-আপ হতে টোল ফি আদায় করা যাবে না। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আরোপিত শর্ত ভঙ্গ করলে ইজারা গ্রহীতার ইজারা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

আলোচ্যসূচী-৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন পুকুরটি ০৩(তিন) বছরের জন্য ইজারার নিমিত্তে মেসার্স মোশারফ মৎস বিতান, প্রোঃ- মোঃ মোশারফ, ১০৪/১, উত্তর ভাষাণটেক, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন (পশ্চিম পার্শ্বে) একটি পুকুর মৎস্য চাষের জন্য ০১/১/২০০৭ হতে ৩১/১২/২০০৯ ইং পর্যন্ত ০৩ বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়েছিল। পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর পুকুরটি ইজারা প্রদানের জন্য দুই বার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং পরবর্তীতে আরো দুইবার স্থানীয়ভাবে দরপত্র আহ্বান করেও কোন দরপত্র পাওয়া যায়নি। সর্বশেষ উক্ত পুকুরটি ইজারা প্রদানের নিমিত্তে গত ০৪/৫/২০১৪ তারিখে স্থানীয় দরপত্র আহবান করা হলে মোট ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে মেসার্স মোশারফ মৎস্য বিতান, প্রোঃ-মোঃ মোশারফ, ১০৪, উত্তর ভাষাণটেক, ঢাকা কর্তৃক ০৩(তিন) বছরের জন্য প্রদত্ত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত এলাকায় স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মেসার্স মোশারফ মৎস্য বিতান কর্তৃক প্রদত্ত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সর্বোচ্চ দরটি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায়পূর্বক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা মেজর জেনাঃ (অবঃ) জামিল উদ্দিন আহসান, বীর প্রতীক এর মালিকানাধীন মহাখালী ডিওএইচএস এলাকার ৪৩৫ নং প্লটে নির্মিত বাড়ীর গৃহকর মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার ৪৩৫ নং প্লটে নির্মিত বাড়ীর শুধুমাত্র খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা মেজর জেনাঃ (অবঃ) জামিল উদ্দিন আহসান, বীর প্রতীক এর মালিকানাধীন অংশের গৃহকর মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম তলা-৩০ নং দোকানটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে জনাব কাজী ফরিদ আহমেদ এর ১১/৫/২০১৪ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে দোকান হস্তান্তর নীতিমালার শর্ত অনুযায়ী হস্তান্তর ফি বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং নামজারী ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিশোধসহ হাল নাগাদ কিস্তি পরিশোধ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম তলা-৩০ নং দোকানটি জনাব সরদার জিন্নাত আলী, পিতা-মৃত মৌলভী মকছেদ আলী সরদার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সেবা প্রদানের অনুমতির বিষয়ে ঢাকা ফাইবার লিংক লিঃ, বাড়ী#২২-ই, রোড#১৩/সি, ব্লক-ই, বনানী, ঢাকা-১২১৩ এর ২৮/৫/২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক অনাপত্তি ছাড়পত্র এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমোদিত নীতিমালা অনুসারে বারিধারা ডিওএইচএস এলাকায় ফাইবার লিংক লিঃ-কে ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের (১/৩/৫ বছর মেয়াদী) মেয়াদোত্তীর্ণ দোকান পুনঃবরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে বিভিন্ন ব্লকের ১ বছর, ৩ বছর এবং ৫ বছর মেয়াদী দোকানসমূহের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় দোকান মালিকগন পুনঃ বরাদ্দের জন্য আবেদন করেছেন। উক্ত দোকানগুলি রজনীগন্ধা সুপার মার্কেটের প্রস্তাবিত বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেটের নির্মাণস্থলের ভিতরে অবস্থিত। মেয়াদোত্তীর্ণ দোকানগুলো পুনঃবরাদ্দ না করায় ক্যান্টনমেন্ট বোর্ড রাজস্ব হতে বঞ্চিত হলেও ব্যবসায়ীগণ ব্যবসা পরিচালনা করে যাচ্ছেন। সার্বিক বিবেচনায় নিম্নবর্ণিত দোকানগুলো ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামীতে ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে কর্তৃপক্ষের প্রয়োজনে ১৫(পঁনের) দিনের নোটিশে দোকান খালি করে দেয়ার শর্তে পুনঃবরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | দোকান মালিকের নাম | দোকান নম্বর | কত বছরের জন্য বরাদ্দকৃত | পূর্বে ধার্যকৃত সালামীর পরিমান | মেয়াদ উত্তীর্ণের তারিখ | আবেদনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১। | ওয়ারেন্ট অফিসার মোঃ আবুল ফজল | সি/২২৮ | ০৫ বছর | ৩০,০০০/- | ০১/০১/২০১৪ | ২৪/৮/১৩ |
| ২। | মোঃ লোকমান হোসেন | ডি/৮৮ (১) | ০৩ বছর | ৯০,০০০/- | ০১/০৬ /২০১২ | ২১/৩/১৩ |
| ৩। | মোঃ আলমগীর হোসেন | ৫/আই | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ২১/৪/১৪ |
| ৪। | মোঃ বাকী বিল্লাহ শিকদার | ৫/এইচ | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ১৬/৩/১৪ |
| ৫। | মোঃ শহীদুল ইসলাম পিন্টু | ৫/সি | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ১১/৩/১৪ |
| ৬। | মোঃ শওকত আলী (বাবুল) | ৫/ডি | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ১৯/৩১৪ |
| ৭। | মোঃ হামিদ শিকদার | ৫/এ | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/ ০৩/২০১৪ | ১১/৩/১৪ |
| ৮। | বেগম শাহনাজ আলম | ৫/বি | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ১১/৩/১৪ |
| ৯। | মোঃ শাহীন মোল্লা | ৫/এফ | ০৩ বছর | ৫০,০০০/- | ৩০/০৪/২০১৪ | ২০/৪/১৪ |
| ১০। | মোঃ শাহীন মাহমুদ | ১৬/১-এ | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ০১/৪/১৪ |
| ১১। | মিসেস হনুফা রব্বানী | ৫/ই | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ১৮/৩/১৪ |
| ১২। | শাহীন মাহমুদ | ৫/জি | ০১ বছর | ২৫,০০০/- | ৩১/০৩/২০১৪ | ০১/৪/১৪ |
| ১৩। | কর্পোরাল মোঃ আবুল হোসেন | ৫/জে | ০৩ বছর | ৫০,০০০/- | ৩১/০৩/২০১৪ | ০১/৪/১৪ |
| ১৪। | মোঃ মোশারফ হোসেন | ৫/এল | ০১ বছর | ১০০০০০/- | ৩১/০৩/২০১৪ | ১৩/৩/১৪ |
| ১৫। | মোঃ দিদার আলম | সি/১৯০-এ | ০১ বছর | ১০০০০০/- | ৩১/০৩/২০১৪ | ৩০/৩/১৪ |
| ১৬। | মোঃ মনিরুজ্জামান | ৫/এম | ০১ বছর | ১০০০০০/- | ৩১/০৩/২০১৪ | ৫/৩/১৪ |
| ১৭। | মোঃ মোজাম্মেল হক | ৫/কে | ০১ বছর | ১০০০০০/- | ৩১/০৩/২০১৪ | ১৯/৩/১৪ |
| ১৮। | মোঃ হাবিবুল্লাহ শের এ জামান | ৮/৯ | ০৫ বছর | ৩০,০০০/- | ০১/০১/২০১৪ | ১৫/১১/১৩ |
| ১৯। | মোঃ নূর মোহাম্মদ খান | ৮/১০ | ০৫ বছর | ৩০,০০০/- | ০১/০১/২০১৪ | ১১/১২/১৩ |
| ২০। | মোঃ কেরামত আলী | ৮/১১ | ০৫ বছর | ৩০,০০০/- | ০১/০১/২০১৪ | ১১/১২/১৩ |
| ২১। | মোঃ ফায়জুর রহমান | ৮/১২ | ০৫ বছর | ৩০,০০০/- | ০১/০১/২০১৪ | ২২/১২/১৩ |
| ২২। | মোঃ ইউনুছ আলী হাওলাদার | ৮/১৩ | ০৫ বছর | ৩০,০০০/- | ০১/০১/২০১৪ | ৮/১২/১৩ |

আলোচ্যসূচী-১৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জায়গায় ফরমালিনমুক্ত আম, লিচু ইত্যাদি মৌসুমী ফলের প্রদর্শনী এবং বিক্রয়ের নিমিত্তে স্থান ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়ে প্রাপ্ত ০৩(তিন)টি আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের ২০´×৪০´ = ৮০০ বর্গফুট খালি জায়গা আছে। উক্ত জায়গায় ফরমালিনমুক্ত আম, লিচু ও মৌসুমী ফল প্রর্দশন এবং বিক্রয়ের জন্য অনুমতি চেয়ে ০৩(তিন) জন আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে উক্ত স্থানটি আবেদনকারীগণের মধ্য হতে সর্বোচ্চ মাসিক ভাড়া প্রদানকারীর নিকট ০৩(তিন) মাসের জন্য শর্ত সাপেক্ষে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজে নিয়োজিত ঢাকা মেট্রো-অ-১১-০০. ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ কঞ্জারভেন্সী ট্রাকের জন্য প্রতি সেট ১৭,০০০/- (সতের হাজার) টাকা হিসেবে ৪ সেট টায়ার (সাইজ-৭-৫০-১৬) ক্রয়ের নিমিত্তে ৬৮,০০০/- (আটষট্টি হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কঞ্জারভেন্সী ট্রাকের জন্য ০৪(চার) সেট টায়ার (সাইজ- ৭-৫০-১৬) ক্রয়ের নিমিত্তে প্রতি সেট ১৭,০০০/- (সতের হাজার) টাকা হিসেবে ৬৮,০০০/-(আটষট্টি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত এবং বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-১৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা-৩৫/এ নং দোকান খুলে দেয়ার বিষয়ে জনাব মোঃ জসীম উদ্দিন ও জনাব মোঃ ইসমাইল ভূইয়া এর ০৪/৫/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা-৩৫/এ নং তালাবদ্ধ দোকানটির মালিক জনাব মোঃ জসীম উদ্দিন এবং জনাব মোঃ ইসমাইল ভূইয়া-কে বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ইতোপূর্বের ভাড়াটিয়া জনাব মোঃ মোস্তফা চৌধুরী ও জনাব মোঃ জামাল উদ্দিন-কে ০৭(সাত) দিনের মধ্যে তালাবদ্ধ দোকানে বিদ্যমান তাদের মালামাল বুঝে নেয়ার জন্য পত্র প্রদান করা হোক। উক্ত সময়ের মধ্যে মালামাল বুঝে নিতে অপারগ হলে দোকানের যাবতীয় মালামাল ক্রোক করে ক্যান্টনমেন্ট বোর্ড নিলামের মাধ্যমে বিক্রয় করবে।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) মোঃ মাহমুদ পারভেজ<br>(খ) বুশরা তাবাসসুম<br>(গ) মিসেস নুর-এ-সাবা শামীম | ৬০৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২। | লেঃ কর্নেল মোহাম্মদ আব্দুস সালাম | ৭৫২ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৩। | জনাব মোঃ সফিকুল আজম<br>(বেসামরিক কোটা) | ৭৯৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | কামরুন্নাহার (পাপড়ি)<br>স্বামী-গ্রুপ ক্যাপ্টেন মৃত সৈয়দ হোসেন আলী | ৮২৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন (বেজমেন্টসহ) |
| ৫। | গ্রুপ ক্যাপ্টেন এম মমিনুর রহমান পীর (অবঃ) | ৮৭৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৬। | সাজিয়া শারমীন<br>স্বামী-ব্রিগেঃ জেনাঃ এ কে এম সাদাত হোসেন চৌধুরী | ৮৮০ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৭। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আবদুল্লাহ আল-ফারুক | ৮৯৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৮। | (ক) ব্রিগেঃ জেনাঃ গোলাম মাওলা ভূইয়া<br>(খ) গ্রুপ ক্যাপ্টেন শেখ জামাল আখতার (অবঃ) | ৯৫৩<br>৯৫৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৯। | এয়ার কমডোর মোহাম্মদ আব্দুর হোসেন | ৯৬৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১০। | উইং কমান্ডার খ্রীস্টোফার অধিকারী (অবঃ) | ৯৭৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১১। | লেঃ কর্নেল মোঃ আলতাফ হোসেন | ১১০২ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত নতুন ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১২। | কর্নেল এনায়েত উল্লা খান (অবঃ) | ১১১২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন (সংশোধিত আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১৩। | ব্রিগেঃ জেনাঃ হাসিনা সুলতানা (এলপিআর) | ১১৬১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন (বেজমেন্টসহ) |
| ১৪। | লেঃ কর্নেল ফরিদ আলম, পিএসসি (অবঃ) | ১২৬৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন (বেজমেন্টসহ) |
| ১৫। | কর্নেল মোঃ নেয়ামুল ইসলাম ফাতেমী, বিপি | ১৩৩৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৬। | রিয়ার এডমিরাল নিজাম উদ্দিন আহমেদ | ৪৩৭ | মিরপুর ডিওএইচএস | | ০৬ তলার উপর ০৭ তলা |
| ১৭। | ব্রিগেঃ জেনাঃ মোহাম্মদ মহসিন, এনডিইউ, পিএসসি (অবঃ) | বি/১৪৭ | মহাখালী ডিওএইচএস | | পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন |
| ১৮। | মেজর এম আবুল বাশার (অবঃ) | ৪৮৬ | বারিধারা ডিওএইচএস | | ৫ম তলা পুরাতন বাড়ি ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ১৯। | মিসেস ইসরাত জাহান | ০৮ | ক্যান্ট বাজার এলাকা | | বেজমেন্ট ও একতলা ভবন নির্মাণ |
| ২০। | মোঃ শফিক উদ্দিন গং | সিবি-১৬/৩<br>সিএস-১৫০<br>(অংশ) | কচুক্ষেত পুরান বাজার<br>মৌজা- লালাসরাই | | নতুন ০৭ তলা ভবন |
| ২১। | কাজী আব্দুর রব | সিবি-০৭<br>সিএস-১৫০<br>(অংশ) | কচুক্ষেত পুরান বাজার<br>মৌজা- লালাসরাই | | নতুন ০৭ তলা ভবন |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২। | মিসেস বানু গং | সিবি-৯৫ সিএস- ১৪৫ (অংশ) | কচুক্ষেত পুরান বাজার মৌজা- লালাসরাই | নতুন ০৭ তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২, ৩, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২ ও ১৫ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১২টি প্লট, ক্রমিক নং-১৭ এ বর্ণিত বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-১৮ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ০১টি এবং ক্রমিক নং-১৯ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০১টি প্লট এবং ক্রমিক নং-২০, ২১ ও ২২ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ৩টি প্লটসহ মোট ১৮টি প্লটে ০১(এক)/০৫(পাঁচ)/০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-৪, ১৩ ও ১৪ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৮২৭, ১১৬১ ও ১২৬৯ নং প্লটে বেসমেন্টসহ নকশা অনুমোদন সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন এর ব্যত্যয় বিধায় তা অনুমোদন করা গেল না।

(গ) ক্রমিক নং-১৬ এ উল্লেখিত মিরপুর ডিওএইচএস এর ৪৩৭ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | ডিওএইচএস মহাখালীর ০২ নং গেইট (রাওয়া গেইট) হতে বিআইএসএন্ডসি মেইন গেইট পর্যন্ত ১৯টি নিরাপত্তা বাতির পোলের ব্রাকেট তৈরীকরণ। | ২৫,০৮০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপকেন্দ্র ওভারহোলিংকরণ। | ২,৮৪,০০০/- | সংস্কার ও মেরামত (বাজার) খাত |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের স্টাফ কোয়ার্টার নং-৬৫/এ এর পানির পুরাতন লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন লাইন স্থাপন। | ৮২,৪১৭/- | সংস্কার ও মেরামত (পারি সরবরাহ) খাত |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০২ নং রোডের পুরাতন পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন লাইন স্থাপনকরণ। | ১,৯৬,৩৮১/- | সংস্কার ও মেরামত (পারি সরবরাহ) খাত |
| ৫। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পানির রিজার্ভারের উপর নামাজের স্থান, অজুখানা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অজুখানা ও প্রশ্রাবখানা ও বাউন্ডারী ওয়ালে ওয়েদারকোটকরণ। | ৩,৬৮,৭৬৫/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ফুটপাতের টাইলস ভাঙ্গা রোধকল্পে ফুটপাতের পার্শ্বে আরসিসি রোড ডিভাইডার সরবরাহ ও স্থাপন কাজ। | ১,০০,০০০/- | সংস্কার ও মেরামত (রাস্তা ঘাট) খাত |
| ৭। | ঢাকা সেনানিবাসস্থ শহীদ মঈনুল রোডে নব-নির্মিত ভবন ডি-১ এর পূর্ব পার্শ্বে ০৬টি ও ডি-২ ভবনের দক্ষিণ পার্শ্বে ০৩টি শিশুদের খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন। | ৬২,৮২,৬১০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৮। | ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকায় বিভিন্ন সংস্কার ও মেরামত কাজ। | ৯৯,২৭০/- | সংস্কার ও মেরামত (রাস্তা ঘাট) খাত |
| ৯। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ফুটপাত সংলগ্ন সাব ড্রেন ও পিট পরিস্কারকরণ এবং রাস্তার বিভিন্ন স্থানে মেরামত ও সংস্কার কাজ। | ১,৯৮,৫০০/- | সংস্কার ও মেরামত (নর্দমা) খাত |
| ১০। | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের সংস্কার ও মেরামত কাজ। | ২,৭০,৫৮৪/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ১১। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাৎসরিক সংস্কার ও মেরামত কাজ। | ২,৯৯,৮৬৯/- | সংশ্লিষ্ট বিদ্যালয়ের মেরামত খাত |
| ১২। | ঢাকা সেনানিবাসের ১৩ এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী রোড মার্কিং পেইন্ট, এনামেল পেইন্ট ও রশি সরবরাহ ও স্থাপন কাজ। | ৫৭,৫০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ১৩। | মহাখালী ডিওএইচএস এলাকার গার্ড ব্যারাকের ৩য় তলা টয়লেট নির্মাণ। | ২১,৮২,২৮৭/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৪। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বাৎসরিক সংস্কার ও মেরামত কাজ। | ২,৯৯,৩৭০/- | সংশ্লিষ্ট কলেজের মেরামত খাত |
| ১৫। | শহীদ সরণি সংলগ্ন ডিজিএফআই অফিসের প্রবেশ মুখের রাস্তায় কার্পেটিংকরণ কাজ। | ২,৮৪,৮৫২/- | সংস্কার ও মেরামত (রাস্তা ঘাট) খাত |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এর ৫ ও ২২ নং রোডের পাইপ ড্রেন ও পিট পরিষ্কারকরণসহ পিটের উচ্চতা বৃদ্ধিকরণ কাজ। | ১,২২,৪৫৭/- | মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল |

| | | | |
|---|---|---|---|
| ১৭। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩০-০" চওড়া রোডের ৪-০" ডায়া পাইপ ড্রেনের আউটফল (পশ্চিম দিকের লেকে) এর জন্য আরসিসি পাইপ স্থাপন কাজ। | ২,৩৪,৯৬৩/- | মিরপুর ডিও বিবিধ তহা |
| ১৮। | ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার সংলগ্ন খেলার মাঠে ০২টি গোলপোষ্ট স্থাপন কাজের মূল্যানুমান। | ৭৯,৭৭০/- | জনসাধারণ উন্নয়নমূলক খাত |
| ১৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের পশ্চিম পার্শ্বে এবং ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি এর পশ্চিমে বাউন্ডারী ওয়ালের উচ্চতা বৃদ্ধিসহ কাঁটা তারের ফেন্সিং নির্মাণ কাজ। | ৩,৬০,১৫০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২০। | প্রয়াস স্কুল সংলগ্ন গেইটের সামনে রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১২,৬১,৭৭৪/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম পার্শ্ব হতে ৬০ নং বাড়ী পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১১,০১,২৪৪/- | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিবিধ তহবিল |
| ২২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০ নং বাড়ী হতে ডিএমএলএন্ডসি অফিস পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৬,৬১,১৩৪/- | -ঐ- |
| ২৩। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের উত্তর পার্শ্ব হতে ৪ নং রোড পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১২,৭৫,৭২৮/- | -ঐ- |
| ২৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার লালাসরাই মসজিদ হতে ৬/এ নং রোড পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১০,৫৯,৪০৫/- | -ঐ- |
| ২৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোড হতে ৫ নং রোড পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৯,৪৮,২৫২/- | -ঐ- |
| ২৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং রোড হতে ৫ নং রোড পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৬,০২,৬৯৩/- | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২, ৩, ৪, ৬, ৮, ৯, ১০, ১১, ১২, ১৪, ১৫ ও ১৮ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | শহীদ রমিজ উদ্দিন স্কুল ও কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার ৬০/৮ মেরামত ও সংস্কার কাজ। | ৪৫,০৯২/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৪৭,১৬৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২। | ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/আই বাসা মেরামত ও সংস্কারকরণ। | ৫২,৬১৮/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ৫৫,০৪০/- | -ঐ- |
| ৩। | শহীদ রমিজ উদ্দিন স্কুল ও কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার ৬০/৭ মেরামত ও সংস্কারকরণ কাজ। | ৫৯,০১২/- | মেসার্স মনির এন্ড কোং | ৬১,৭৩৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৪। | আদর্শ বিদ্যানিকেতন, স্টাফ কোয়ার্টারের ০২ নং বাসা মেরামত ও সংস্কারকরণ কাজ। | ৪৮,৮৯৫/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৫১,৩২৫/- | -ঐ- |
| ৫। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুল সংলগ্ন স্টাফ কোয়ার্টার নং-১ ও ৪ মেরামত ও সংস্কারকরণ কাজ। | ৬০,২৪৪/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৬২,৯৫৪/- | -ঐ- |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-১৬/এ-১, রোড নং-০২ (মসজিদ কোয়ার্টার) মেরামত ও সংস্কারকরণ করণ। | ৫১,১৬৮/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৫৩,৪৭০/- | -ঐ- |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/এইচ বাসা মেরামত ও সংস্কারকরণ। | ২৯,১৩৬/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ২৯,১৩৬/- | -ঐ- |
| ৮। | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ে ২০১২-১৩ অর্থ বছরের বাৎসরিক সংস্কার, মেরামত ও সাজসজ্জাকরণ কাজ। | ২,৯৮,৯৮৭/- | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ২,৯৮,৯৮৭/- | সংশ্লিষ্ট বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৯। | বারিধারা ইন্টারন্যাশনাল স্কুলের সামনের রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৬২,০৮৯/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ২,৭৫,১৯৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |
| ১০। | ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ, রোড নং-০৪ বাসা মেরামত ও সংস্কার কাজ। | ৪৮,৬৬২/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৪৮,৬৬২/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১১। | মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন রোডে পাইপ ড্রেনের পিটে আরসিসি স্ল্যাব স্থাপন কাজ। | ৫,৫৩,৪১৭/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৫,৫৮,৯৫১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১২। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসকের রুমে ইন্টেরিয়র ডেকোরেশনসহ সংস্কার ও মেরামত কাজ। | ১৩,৬৫,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ১৭,৫২,৪২৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৩। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ (নিচতলা) প্লটে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের জন্য নির্মিত ডুপ্লেক্স বাসস্থান রংকরণ ও সংস্কার কাজ। | ১,০৫,৬২৮/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,১০,৩৮১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ১৪। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ (২য়) প্লটে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের জন্য নির্মিত ডুপ্লেক্স বাসস্থান রংকরণ ও সংস্কার কাজ। | ১,০৯,২৭৫/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,১৪,১৯২/- | -ঐ- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ বাহির সাইড বাউন্ডারী ওয়াল, গ্রীল ও কলাপসিবল গেইট, ওয়েদারকোট ও রংকরণ কাজ। | ৮৪,৮৩৯/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৮৮,৬৫৬/- | -ঐ- |
| ১৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/সি, ১/সি, মুসলিম মডার্ণ সংলগ্ন স্টাফ কোয়ার্টারের টয়লেট মেরামত ও জানালার বক্স গ্রিল স্থাপন, ৪৮/এ সেপটিক ট্যাংক পরিস্কার করণ কাজ। | ১,৩৭,০০৩/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৪৩,৬৪৭/- | -ঐ- |
| ১৭। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ক্যামিকেল এন্ড রি-এজেন্ট সরবরাহ ও স্থাপন কাজ। | - | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২,৫৯,৭০০/-<br>১০,৫৯,৭০০/ | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ১৮। | ঢাকা সেনানিবাসে জরুরী ভিত্তিতে আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী প্লাষ্টিক রোড ডিভাইডার, হানিকম্ব টেপ, সিমেন্টের রিং বক্স, গতিসীমা ৪০/৫০ লিমিট মার্কিং, সাইনবোর্ড নির্মাণ, মেরামতসহ আনুষংগিক কাজ। | ৬,১৯,৭৯২/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ৬,৫০,০৩৭/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৯। | ১৩ এমপি ইউনিট এর চাহিদা অনুযায়ী ১৫০টি প্লাষ্টিকের রোড ডিভাইডার ও ১" ডায়া ১৪৪০ ফুট জিআই পাইপ সরবরাহ কাজ। | ৩,২৭,৯৪৩/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৩,৪৩,৬৮৪/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২০। | ১৩ এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী ইউনিটের প্রধান গেইটের জন্য ২০টি ফুলের টব, রিফ্লেক্টিভ টেপ ও লাইলনের রশি সরবরাহ ও স্থাপন। | ১,৩২,৬৫০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,৩৯,০৮৩/- | জনসাধারণ উন্নয়ন তহবিল |
| ২১। | ঢাকা সেনানিবাসে জরুরী ভিত্তিতে ১৩ এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী সিমেন্টের তৈরী আরসিসি রোড ডিভাইডার সরবরাহ ও স্থাপন কাজ। | ১,০০,০০০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,০৪,৮০০/- | জনসাধারণ উন্নয়ন তহবিল |
| ২২। | টি-২০ বিশ্বকাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৪ উপলক্ষ্যে স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের সৌন্দর্য বর্ধনের নিমিত্তে রং ও চুনকরণ কাজ। | ১,৮৯,৬৪২/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,৯৮,৮৯৬/- | জনসাধারণ উন্নয়ন তহবিল |
| ২৩। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের এসির পুরাতন তার পরিবর্তন করে নতুন তার দ্বারা ওয়্যারিংকরণ কাজ। | ১,৬১,৯৭১/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,৬১,৯৭১/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২৪। | মুসলিম মডার্ণ একাডেমীতে ব্ল্যাক বোর্ডের পরিবর্তে ৩৯টি হোয়াইট বোর্ড স্থাপন কাজ। | ১,৯২,২৭০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৯২,০৭৫/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২৫। | জনতা ব্যাংক লিঃ রজনীগন্ধা সুপার মার্কেট শাখার মেরামত কাজ। | ২৫,৮২৩/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ২৭,১০১/- | বাজারের সংস্কার ও মেরামত |
| ২৬। | মহাখালী ডিওএইচএস এলাকার বিআইএস স্কুলের দক্ষিণ পার্শ্বের গেইটের সম্মুখে হার্ডস্ট্যান্ড ঢালাই কাজ। | ১,৫৯,৭২৬/- | মেসার্স আলী এন্ড এসোসিয়েটস্‌ | ১,৬৭,৬৩২/- | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |
| ২৭। | মহাখালী ডিওএইচএস এলাকার ২২ ও ২৩ নং রোডের সংযোগ সড়কে ক্ষতিগ্রস্থ ড্রেন ও রাস্তার অংশবিশেষ মেরামত কাজ। | ৭৩,৩৯৯/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৭৬,৯৫৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২৮। | ২৫ ও ২৬ ফেব্রুয়ারি তৎকালীন বিডিআরে শহীদ সেনা কর্মকর্তাদের স্মরণে বনানী সামরিক কবরস্থানে কবর সংস্কারের জন্য ভিটি মাটি সরবরাহ ও অন্যান্য কাজ। | ৩২,০৭২/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৩৩,৬৪৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২৯। | মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাবের সম্মুখে খননকৃত রাস্তা ও ইস্টার্ণ রোডের খননকৃত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৫৯,১৯৫/- | মেসার্স হাবিব এন্ড সন্স | ৬২,০৩৬/- | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |
| ৩০। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের বিভিন্ন শ্রেণী কক্ষে ২০টি হোয়াইট বোর্ড স্থাপন কাজ। | ১,৭৪,৯০০/- | মেসার্স নকিব এন্টারপ্রাইজ | ১,৭৪,৯০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৩১। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের অভিভাবক শেড নির্মাণ কাজ। | ১৭,৭২,৫৭৫/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ১৮,৪৩,৪৭৯/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৩২। | মিরপুর ডিওএইচএস এর ৩৮/বি ও ৩৮/সি রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ১৬,৫৯,২৩৮/- | মেসার্স শাহিদুল ইসলাম এন্ড কোং | ১৭,০৯,০১৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৩৩। | মিরপুর ডিওএইচএস এর ১০৬৬ নং প্লটের প্রবেশ রাস্তার মাটি ভরাটসহ ইটের সলিংকরণ কাজ। | ১,৩১,৮৩৭/- | মেসার্স নকিব এন্টারপ্রাইজ | ১,৩১,৮৩৭/- | -ঐ- |
| ৩৪। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৬০-০" চওড়া রোডের উত্তর পার্শ্বে সিকিউরিটি সংলগ্ন রাস্তার উত্তর পার্শ্বে প্যালাসাইডিং কাজ। | ৩,৩০,৪৫১/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৩,৩০,৪৫১/- | -ঐ- |
| ৩৫। | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৩৮ ও ৩৯ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ৩৭,৪১,৭৫৩/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৩৮,৫৪,০০৬/- | -ঐ- |
| ৩৬। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের বাৎসরিক মেরামত ও সংস্কার কাজ। | ২,৯৮,৮৭২/- | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ২,৯৮,৮৭২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩৭। | মিরপুর ডিওএইচএস এর ২য় ও ৩য় ধাপের দক্ষিণ পার্শ্বে (সিরামিক সংলগ্ন) বাউন্ডারী ওয়ালের নিচের খোলা জায়গায় ইটের গাঁথুনী (১:৪) করণ কাজ। | ৮৭,০০৪/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ৮৭,০০৪/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৩৮। | মিরপুর ডিওএইচএস বিভিন্ন রাস্তার স্পীড ব্রেকার রংকরণ কাজ। | ১,৩৯,৬৩৩/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ১,৩৯,৬৩৩/- | -ঐ- |
| ৩৯। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৪ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ১৭,০৪,১৫০/- | মেসার্স মনির এন্ড কোং | ১৭,৬২,৯৪৩/- | -ঐ- |
| ৪০। | মিরপুর ডিওএইচএস এর প্লট নং-৫৭৫ এর সামনে স্যুয়ারেজ লাইনে পিট নির্মাণ কাজ। | ৫১,৪০৭/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৫৩,২০৫/- | -ঐ- |
| ৪১। | মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপের প্লট নং-৫৫২ ও ৫৫৩ এ বিদ্যমান মসজিদ এর বারান্দা, অজুখানা ও জানালায় থাই এ্যালুমিনিয়ামের জানালা স্থাপন কাজ। | ২২,৪৭,০৮৯/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২৬,৯৫,৩৮৩/- | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে ক্রমিক নং-১২ এ উল্লেখিত প্রকল্প ব্যতীত উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ২০, ২১, ২২, ২৫, ২৭, ২৮, ৩০ ও ৩৬ এ উল্লেখিত প্রকল্পগুলোর কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১২ এর উল্লেখিত দর অধিক হওয়ায় পুনঃদরপত্র আহ্বান করাসহ অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২০ঃ রজনীগন্ধা সুপার মার্কেট এর জনতা ব্যাংকের পশ্চিম পার্শ্বে সিএসডি টেস শপে বিদ্যুৎ সংযোগ ও মিটার স্থাপন প্রসংগে প্রধান কার্যালয় সিএসডি বাংলাদেশ, সিএসডি ভবন (৩য় তলা), ঢাকা সেনানিবাসের ০৬ মে ২০১৪ তারিখের এ্যাডমিন/জেনাঃ/৫৫/৩২ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, সিএসডি কর্তৃপক্ষ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত রজনীগন্ধা সুপার মার্কেটের 'সি' শ্রেণীর জমির উপর কোন প্রকার ইজারা বা ভাড়া চুক্তি ব্যতীত ব্যবসা পরিচালনা করে আসছে। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ব্যবহৃত বিদ্যুৎ লাইনের সংযোগ গ্রহণ করতে হলে বোর্ডের সাথে ইজারা/ভাড়া সংক্রান্ত চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে। বর্তমানে রজনীগন্ধা সুপার মার্কেটে বিভিন্ন দোকান/ব্যবসা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ভাড়া পর্যালোচনায় দেখা যায় সর্বনিম্ন ভাড় প্রতি বর্গফুট ৭/- (সাত) টাকা ধার্য করা আছে। উক্ত সর্বনিম্ন ভাড়া প্রদান সাপেক্ষে সিএসডি কর্তৃপক্ষ ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তিবদ্ধ হলে যথানিয়মে বিদ্যুৎ সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। একই সাথে সিএসডি কর্তৃপক্ষ বিদ্যুৎ বিলসহ সরকার কর্তৃক আরোপিত ভ্যাট ও আয়কর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ শহীদ সরণিস্থ ১১ নং রোডের পূর্ব পার্শ্ব হতে উত্তর দিকে সিগন্যাল মসজিদ পর্যন্ত ফুটপাতের পার্শ্বে গাইড ওয়ালসহ ল্যান্ড স্ক্যাপিং ও ফুলের চারা রোপন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তরাংশে বেজমেন্টসহ ০৬ (ছয়) তলা ভবন নির্মাণের কনসালটেন্সি ফি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মার্কেট নির্মাণের প্রাক্কলন ১২,৬৩,০০,০০০/- টাকা হেত বৃদ্ধি পেয়ে ১৯,৬৪,৭৯,০০০/- টাকার সংশোধিত প্রাক্কলন সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে অনুমোদন করা হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত কাজে নিয়োজিত কনসালটেন্ট ইউনিক কনসালটিং সার্ভিসেস গত ০৩/১২/২০১৩ তারিখে কনসালটেন্সী ফি বৃদ্ধির আবেদন করেন। বিস্তারিত আলোচনান্তে সংশোধিত মূল্যানুমানের আলোকে বর্ধিত কনসালটেন্সী ফি পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে প্রকল্প সমাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদার তালিকাভুক্তি ফি ও নিরাপত্তা জামানত বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট তালিকাভুক্ত ফার্মের সংখ্যা ২২৮ (দুইশত আটাশ) টি। এর মধ্যে প্রথম শ্রেণীর তালিকাভুক্ত ফার্ম-২২০টি এবং দ্বিতীয় শ্রেণীর তালিকাভুক্ত ফার্ম ০৮টি। ১৯৯০ সালে ধার্যকৃত হার অনুসারে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর তালিকাভুক্ত ঠিকাদারের তালিকাভুক্তি ফি ও জামানতের পরিমাণ নিম্নরূপঃ-

| ক্র/নং | তালিকাভূক্ত ঠিকাদার ফার্মের শ্রেণী | তালিকাভুক্তি ফি | জামানতের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | প্রথম | ২,০০০/- | ২৫,০০০/- |
| ২. | দ্বিতীয় | ২,০০০/- | ১৫,০০০/- |

৫৮

বিস্তারিত আলোচনান্তে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্তি ফি, জামানত এবং বাৎসরিক নবায়নের হার নিম্নবর্ণিতভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | তালিকাভূক্ত ঠিকাদার ফার্মের শ্রেণী | তালিকাভূক্তি ফি | জামানতের পরিমাণ | বাৎসরিক নবায়ন ফি |
|---|---|---|---|---|
| ১. | প্রথম | ১৫,০০০/- | ১,০০,০০০/- | ৫,০০০/- |
| ২. | দ্বিতীয় | ১০,০০০/- | ৫০,০০০/- | ৩,০০০/- |

পুনঃনির্ধারিত ফি ও জামানতের হার ০১ জুন, ২০১৪ তারিখ হতে কার্যকর হবে। ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্বের তালিকাভুক্ত ঠিকাদারগণকেও পুনঃনির্ধারিত হারে জামানত ও বাৎসরিক নবায়ন ফি পরিশোধ করতে হবে। বিষয়টি বোর্ডের তালিকাভুক্ত সকল ঠিকাদারকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে প্রাপ্ত ০৩(তিন)টি আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে (১) মেসার্স বি. জে. ট্রেডার্স, জনাব মোঃ ফেরদৌস কামাল, ৮২/২/এ/১, উত্তর যাত্রাবাড়ী, ঢাকা, (২) মেসার্স এমরান এসোসিয়েটস, জনাব খালেদ মোহাম্মদ এমরান, বাড়ী#২০৫/১, পুর্ব ভাষাণটেক, ঢাকা সেনানিবাস ও (৩) মেসার্স আল-মাহবুব এন্টারপ্রাইজ, প্রোঃ- মোঃ নাইউম খান, গ্রাম+পোঃ- রোয়াচালা, থানা- মুরাদনগর, জেলা- কুমিল্লা-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ঃ বারিধারা ডিওএইচএস এর ৩৪৭ নং প্লটে নির্মিত ০৫(পাঁচ) তলা বাড়ীর সিড়ির সামনে ও সীমানা দেয়ালের মাঝে ৪×৬ স্থানে লিফট স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে লেঃ কর্ণেল খন্দকার মাহবুব মোরশেদ (অবঃ) এর ২৮/৪/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত নকশা দাখিল না করায় এ ব্যাপারে কোন সিদ্ধান্ত গ্রহণ করা গেল না। আবেদনকারীকে বিস্তারিত নকশা ও সাইট প্ল্যানসহ আবেদন করার পরামর্শ প্রদান করা হলো।

আলোচ্যসূচী-২৬ঃ মহাখালী ডিওএইচএস এর ৪১৭ নং প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীর সামনে লিফট স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে কর্ণেল দেলোয়ার হোসেন (অবঃ) এর ১৫/৫/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ দাখিলকৃত আবেদন ও নকশা পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত লিফট স্থাপনের স্থানটি সেটব্যাক এর বাইরে রয়েছে বিধায় সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন এর কোন ব্যত্যয় না ঘটিয়ে লিফট স্থাপন করা যেতে পারে বিধায় অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে এ ক্ষেত্রে সংশোধিত নকশা অনুমোদন নিতে হবে।

আলোচ্যসূচী-২৭ঃ মহাখালী ডিওএইচএস এর ৪০০ বর্গগজ জমি বিশিষ্ট ১৭৯ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা ভবনের ৩টি ফ্ল্যাট হস্তান্তরের বিষয়ে জনাব তারিক বিন শামীম ইবনে আমির এর আবেদন সংক্রান্ত স্টেশন সদর দপ্তরের ০৮ এপ্রিল, ২০১৪ তারিখের ৬০৫/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বিষয়টি নিষ্পত্তি করার জন্য ডিওএইচএস কমিটির সিদ্ধান্তের আলোকে সহকারী নৌবাহিনী প্রধান এর সভাপতিত্বে গঠিত এ সংক্রান্ত আর্বিট্রেশন কমিটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ স্বাধীনতা সরণি এবং শহীদ মঈনুল রোডের সংযোগস্থলে অটো ট্রাফিক সিগন্যাল স্থাপন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ঃ শহীদ সরণি, সিগন্যাল গেইট ও বা বি ঘাঁটি বঙ্গবন্ধু গামী রাস্তার সংযোগস্থলে শহীদ সরণিতে অটো ট্রাফিক সিগন্যাল স্থাপন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ঃ শহীদ সরণিস্থ আজিজ পল্লী সংলগ্ন রোড ডিভাইডারের উপর দিয়ে ছাত্র-ছাত্রীদের বিপদজনক পারাপার বন্ধের লক্ষ্যে গ্রীল স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩১ঃ শহীদ মঈনুল রোডস্থ নব-নির্মিত মসজিদের পূর্ব পার্শ্বে সবুজ মাঠের তিন দিকে জিআই তারের ফেন্সিং স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩২ বিবিধ-১ঃ প্রতিরক্ষা মন্ত্রণালয়ে সংযুক্তিতে নিয়োজিত ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩(তিন) জন কর্মচারী ২,৫০০/- (দুই হাজার প টাকা করে মোট ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা সম্মানী ভাতা হিসেবে প্রদানের বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণা ১৩/৪/২০১৪ তারিখের ১বি-৭/২০১১/ডি-১১/৬১৯ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে কর্মরত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার ০৩(তিন) জন ঝাড়ুদার যথাক্রমে (১) জনাব মোঃ নুরুজ্জামান, (২) জনাব মোঃ হারুন অর রশিদ ও (৩) জনাব মোঃ ওমর আলী-কে সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে প্রত্যেককে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হারে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা সম্মানী ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩২ বিবিধ-২ঃ বনানী ডিওএইচএস এলাকার ৯২/এ নং প্লট সংলগ্ন ২১৪.২৫ বর্গগজ অতিরিক্ত দখলীয় জমি ও উক্ত জমির উপর নির্মিত আধা-পাকা অবকাঠামো অপসারণ প্রসংগে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ১৭ এপ্রিল, ২০১৩ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের পত্রের আলোকে সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়ার মাধ্যেমে স্টেশন স্থায়ী উচ্ছেদ কমিটিকে বনানী ডিওএইচএস এর ৯২/এ নং প্লট সংলগ্ন অবৈধ দখল উচ্ছেদ অভিযান পরিচালনার প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

20.05.2014

**( মোঃ রেজাউল ইসলাম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট-'খ'*

## রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মুরগী বাজার সংলগ্ন পূর্ব পার্শ্বে খালি স্থানে বিভিন্ন মালবাহী পিকআপ ও ট্রাক অবস্থানে টোল ফি আদায়ের ইজারার শর্তাবলী

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজার সংলগ্ন পূর্ব পার্শ্বে-খালি স্থানে বিভিন্ন মালবাহী পিকআপ ও ট্রাক অবস্থানে ০১ জুন, ২০১৪ তারিখ হতে মাসিক ভিত্তিতে টোল আদায়ের জন্য ইজারার শর্তাবলী নিম্নরূপঃ-

১। নিরাপত্তা জামানত হিসেবে ক্যান্টনমেন্ট বোর্ডে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (ফেরতযোগ্য) জমা করতে হবে। সন্তোষজনকভাবে ইজারা মেয়াদ শেষে উক্ত টাকা ফেরত প্রদান করা হবে।

২। উক্ত ইজারার মেয়াদ হবে ০৬(ছয়) মাস। ইজারা মেয়াদ শেষে বোর্ডসভার অনুমোদনক্রমে পুনরায় ইজারা প্রদান করা যাবে।

৩। ট্রাক, পিকআপ ও ভ্যান সমূহ নিদিষ্ট স্থানে অবস্থানের জন্য নিম্নলিখিত হারে টোল চার্জ আদায় করতে হবে ঃ-

| | | |
|---|---|---|
| (ক) | ট্রাক/কাভার্ডভ্যান (৩ টনের অধিক) | ৫০/- |
| (খ) | পিকআপ (৩ টন বা তার কম) | ৩০/- |
| (গ) | ভ্যান | ১৫/- |

৪। বর্ণিত স্থানে ০৮ ঘন্টার অধিক সময় অবস্থান করলে পুনরায় সম-পরিমান টোল চার্জ আদায় করতে হবে।

৫। যানবাহনের সার্বিক নিরাপত্তা প্রদানের জন্য ০২ (দুই) জন প্রহরী সর্বদা নিয়োজিত থাকবে। এছাড়াও ইনগেটে একজন প্রহরী রশিদ প্রদান করবে এবং আউট গেটে রশিদ চেক করার জন্য একজন প্রহরী নিয়োজিত রাখতে হবে। যানবাহনের সকল দায়দায়িত্ব ইজারা গ্রহীতাকে বহন করতে হবে।

৬। কোন ধরনের চুরি অথবা অপ্রীতিকর ঘটনার জন্য ইজারাগ্রহীতা দায়ী থাকবে। ইজারাগ্রহীতাকে নিজ দায়িত্বে পার্কিং এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৭। ইজারাগ্রহীতা কর্তৃক নিয়োজিত প্রহরীকে সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন পোষাক পরিধান করতে হবে এবং জনসাধারনের সাথে মার্জিত ব্যবহার করতে হবে।

৮। সর্বোচ্চ দরদাতা/ইজারা গ্রহীতা অথবা তার কোন প্রতিনিধি উক্ত বাজারে আইন-শৃঙ্খলা পরিপন্থী কোন কাজ করলে প্রচলিত আইন/ক্যান্টনমেন্ট এ্যাক্ট, ১৯২৪ অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ ইজারা বাতিল করা হবে।

৯। সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

১০। ইজারা প্রাপ্ত ব্যক্তি তৃতীয় কোন ব্যক্তি/পক্ষের নিকট উক্ত স্থান উপ-বন্দোবস্ত/উপ-ইজারা দিতে পারবেন না। উপ-বন্দোবস্ত দেয়া হলে ইজারা বাতিল করা হবে।

১১। প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মাসিক ইজারার অর্থ ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে। প্রতিদিন বিলম্বের জন্য ২০০/- (দুই শত) টাকা হারে জরিমানা পরিশোধ করতে হবে। প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ইজারার অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে জমাকৃত জামানত হতে ইজারার টাকা (জরিমানাসহ) কর্তন করে বোর্ড তহবিলে জমা করা হবে।

১২। ইজারা গ্রহীতা কর্তৃক উল্লেখিত শর্তাবলীর যে কোন একটি খেলাপ করলে তার জমাকৃত টাকা বাজেয়াপ্ত করতঃ ইজারা বাতিল করা হবে।